



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

আমাদের সময়, ১৬-০৮-২০২২, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতীয় শোক দিবস উপলক্ষে স্মৃতি বক্তৃতা



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি জাতীয় শোক দিবস স্মরণে বিশেষ স্মৃতি বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করে। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এই অনুষ্ঠানের আমন্ত্রিত বক্তা ছিলেন বিশিষ্ট ইতিহাসবিদ এবং একুশে পদক পাওয়া অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন।

অনুষ্ঠানে সৈয়দ আনোয়ার হোসেন জানান, বঙ্গবন্ধু ছিলেন একইসঙ্গে একজন নিঃস্বার্থ, সক্রিয় এবং অনুপ্রাণিত করার মতো নেতা। যিনি পাকিস্তান সৃষ্টির পরপরই একটি স্বাধীন বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। তার স্বপ্নকে কোটি কোটি বাংলাদেশির হৃদয়ে রোপণ করতে পেরেছিলেন। বঙ্গবন্ধু একটি যুদ্ধবিক্ষণ্ত দেশকে অর্থনৈতিকভাবে স্থিতিশীল, উন্নয়নশীল দেশে পরিণত করার জন্য পুনর্গঠনও শুরু করেছিলেন। এছাড়া তিনি সাম্যভিত্তিক সমাজ গড়তে চেয়েছিলেন।

স্মৃতি বক্তৃতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। ড. ফরাসউদ্দিন স্বাধীনতার পরপরই ১৯৭২ সালের প্রথম দিকে বঙ্গবন্ধুর একান্ত সচিব হিসেবে নিযুক্ত হয়েছিলেন। বক্তৃতায় অধ্যাপক ফরাসউদ্দিন বঙ্গবন্ধুর সঙ্গে তার ঘনিষ্ঠতার কথা স্মরণ করেন, সেইসঙ্গে বাকশাল গঠনের পেছনে বঙ্গবন্ধুর দর্শন এবং এর সঠিক বাস্তবায়নে কীভাবে বাংলাদেশকে একটি আধুনিক কল্যাণ রাষ্ট্রে পরিণত করতে পারত তা ব্যাখ্যা করেন। একইসঙ্গে গত এক দশকে বাংলাদেশ যে আর্থ-সামাজিক সাফল্য অর্জন করেছে তার প্রশংসা করেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এম. জিয়াউলহক মামুন, লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্স অনুষদের ডিন, অধ্যাপক ড. ফৌজিয়া মামান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত কোষাধ্যক্ষ এয়ার কমোডোর (অব.) ইশফাক এলাহী চৌধুরীসহ শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা অংশ নেন।